ঝিনাইদহে বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপি’র চেয়ারপার্সন ও একাধিকবার নির্বাচিত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও উন্নত চিকিৎসার দাবীতে ঝিনাইদহে বিএনপি’র পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে।

আজ শনিবার (১৯ আগস্ট) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে পদযাত্রাটি শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এম মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, এখন বিএনপির একটিই দাবি, সরকারের পদত্যাগ ও বেগম খালেদা জিয়ার মুক্তি দিয়ে সুচিকিৎসা প্রদান করা। খালেদা জিয়ার মুক্তি না দিলে সেপ্টেম্বর মাস থেকে তীব্র আন্দোলনের মাধ্যমে এ সরকারকে ক্ষমতার মসনদ থেকে নামানো হবে।

মেহেরপুরে ছাত্রলীগের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত

২০০৫ সালে বিএনপি জামায়াতের প্রত্যক্ষ মদদে দেশ ব্যাপি সিরিজ বোমা হামলা ও স্বাধীনতা বিরোধী যুদ্ধাপরাধীদের সমর্থনের প্রতিবাদে ছাত্র সমাজের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) বিকালে বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে পদযাত্রাটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের থেকে শুরু

হয়ে মেহেরপুর প্রেসক্লাবের এসে শেষ হয়।

প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহসভাপতি শাহজাহান আলী, আরেক সহসভাপতি দুলাল মাহমুদ, সদর থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইন বায়োজিদ, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের নেতা ইমাম হোসেন ইমন, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী শহর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহন, গাংনী ডিগ্রি কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজা ও সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, ছহিউদ্দীন ডিগ্রি কলেজ ছাত্রলীগের নেতা রাতুল।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানার যুগ্ম সাধারণ সম্পাদক সুইট মাহমুদ, বারাদী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাতি মানিক প্রমুখ।

সমাবেশে ছাত্রলীগের বিভিন্ন স্তুরের নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় কর্মরত পুলিশ সদস্যদের সন্তানদের কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের কর্মরত পুলিশ সদস্যদের কৃতি শিক্ষার্থীদের সন্তানদের জেলা পুলিশের পক্ষ থেকে সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এর উদ্যোগে পুলিশ লাইন্স ড্রিলশেডে এ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত সকল পদমর্যাদার পুলিশ সদস্যদের সন্তানদের মধ্যে যারা ২০২৩ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমান পরীক্ষায়

সকল বিষয়ে A+ প্রাপ্ত হয় তাদেরকে পুলিশ সুপার বিশেষভাবে সম্মানী প্রদানের আয়োজন করেন। পুলিশ সুপার আনুষ্ঠানিকভাবে জিপিএ-৫ (A+) প্রাপ্ত কৃতি সন্তানসহ তাদের অভিভাবগণকে প্রাইজবন্ড, ক্রেস্ট, সার্টিফিকেট ও শুভেচ্ছা স্মারক প্রদান করেন।

পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, মেডিকেল অফিসার পুলিশ হাসপাতাল হুমায়রা আক্তার, ডিআইও-১ আবু জিহাদ ফখরুল আলম খান, সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই (প্রশাসন), সকল ক্যাম্প ইনচার্জসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পদমর্যাদার পুলিশ সদস্যবৃন্দ এবং জিপিএ-৫(A+) প্রাপ্ত কৃতি শিক্ষার্থীবৃন্দ।

মেহেরপুরে “উঠান বৈঠক অনুষ্ঠিত”

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা, ঝরে পড়া রোধ ও অনিয়মিত বিদ্যালয়ে আসা ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) সকাল ১০ টার সময় আমঝুপি ইউনিয়নের খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মহাদ্দেছ আলীর সভাপতিত্বে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের

সদস্য রেশমা বেগম ও তাহের আলী। এছাড়া অনুষ্ঠানে জন প্রতিনিধি, এস এম সি, ও ওয়াচ গ্রুপ সদস্য অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ ছাত্রছাত্রীদের অনিয়মিত বিদ্যালয়ে আসা দুর করতে এস.এম.সি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহন করে।

কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন সাবেক সফল প্রধানমন্ত্রী গণতন্ত্রের মা, দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর উপজেলা বিএনপির আয়োজনে বুধবার বিকালে মেইন বাস স্ট্যান্ডে উপজেলা বিএনপির দলীও কার্যালয়ে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ মিজানুর রহমান লাভলুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

এ সময় সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক, উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ সাইফুর রহমান সাংগঠনিক সম্পাদক মোঃ হারুন আর রশিদ, বলুহর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ আশরাফ, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর আলম মামুন,উপজেলা স্বেচ্ছাসেবক দলের মোঃ হাফিজুর রহমান, সাবেক ছাত্রনেতা মোঃ তাহের, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব হুমায়ুন কবির হিরা ও বিএনপি সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন। শেষে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন বাজার মসজিদের ইমাম

মোঃ আল আমিন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক মোঃ শহিদুল ইসলাম ভূঁইয়া।

কাথুলীতে জাতীয় শোক দিবস উপলক্ষে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

জীবন বাচাই রক্ত দিয়ে মানবতা যাক এগিয়ে এই স্লোগানকে সামনে রেখে কাথুলী ব্লাড ফাউন্ডেশন এর উদ্যোগে রক্তের গ্রুপ নির্নয় করা হয়েছে।

গতকাল মঙ্গলবার কাথুলী ইউনিয়ন পরিষদে এ কার্যক্রম সকাল ৮ থেকে বিকাল ৫ পর্যন্ত কর্যক্রম পরিচালনা করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা, সহ ব্লাড ফাউন্ডেশন এর সদস্য বৃন্দ।

এ বিষয়ে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সভাপতি নাছিম আহম্মেদ জানান, অসহায় গরীব দুঃখী মানুষের রক্তের অভাবে যেন কোন মাকে অপারেশন থিয়েটারে সন্তান প্রসব করতে যেয়ে রক্তের অভাবে জীবন দিতে না হয় সে জন্য আমাদের এই কাথুলী ব্লাড ফাউন্ডেশন। সবার পাশে থেকে সেবা দিয়ে যেতে যায় কাথুলী ব্লাড ফাউন্ডেশন।

দামুড়হুদায় আইন-শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় আইন-শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে । আজ সোমবার সকাল ১০টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক,যুব উন্নয়ন অধিদপ্তর কর্মকর্তা মামুন অর রশিদ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা হেলেনা আক্তার নিপা,কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবীর, দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা, দর্শনা বিজিবি (বিওপি)কমান্ডার শহিদুল ইসলাম,মুন্সিপুর বিজিবি (বিওপি) কমান্ডার মিজানুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শফিকুল ইসলাম শফি, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) মোঃ নিজাম উদ্দিনসহ সাংবাদিকবৃন্দ ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা দামুড়হুদা উপজেলায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনের পাশাপাশি মাদক-জুয়া,চুরি-ডাকাতি, বাল্যবিবাহ, যৌতুক, নারী- নির্যাতন, ইভটিজিংও আইনশৃংখলা বিষয়ে গুরুত্ব আরোপ করেন।বিশেষ করে দামুড়হুদা বাসস্ট্যান্ডের বটগাছের নিচে অবৈধভাবে গড়েওঠা দোকানগুলোর কারণে যে যানজট সৃষ্টি হয়, এই যানজট কিভাবে নিরসন হয় এবিষয়ে দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকরা তুলে ধরেন।

এসময় ইউএনও রোকসানা মিতা বক্তব্য বলেন, বর্তমান সরকার দেশের জানমালের নিরাপত্তা নিশ্চিতে বদ্ধ পরিকর। তাই অপরাধ প্রবণতা বন্ধে ও আইনশৃঙ্খলা উন্নয়নের পাশাপাশি সকল নাগরিককে ভূমিকা রাখতে হবে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান। তিনি এসময় দামুড়হুদা বাসস্ট্যান্ডে যে যানজট সৃষ্টি

হয়, সেজন্য তাৎক্ষনিকভাবে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবীরকে বিষয়টি দেখার জন্য নির্দেশনা দেন।মাসিক সভা শেষে মডেল থানার ওসি আলমগীর কবির সরোজমিনে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করেন ও অবৈধভাবে গড়ে ওঠা দোকানপাট সরিয়ে দেন।

মেহেরপুরে সিপিবি’র কর্মী সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশের কমিউনিস্ট পার্টি ‘উদ্যোগে এক কর্মী সমাবেশ মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ডে পার্টির কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।
সিপিবি জেলা শাখার সভাপতি কমরেড জালাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, সিপিবির কেন্দ্রীয় কমিটির সদস্য ও জেলার দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি কমরেড আবদুল্লাহ ক্বাফী রতন।

সিপিবির সাধারণ সম্পাদক কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, অ্যাডঃ মিজানুর রহমান, সিদ্দিকুর রহমান, রফিকুল ইসলাম, মনিরুল ইসলাম, মহাম্মদ আলী, রফিকুল ইসলাম পথিক প্রমুখ।

সভায় বক্তারা নির্দলীয় নিরেপক্ষ তদারকি সরকারের অধীনে নির্বাচন এবং ভোট ও ভাতের অধিকারের জন্য আন্দোলন সংগ্রাম কর্মসূচি চালানোর অঙ্গিকার করেন। সেই সাথে জণগণকে সাথে নিয়ে বিকল্প বাম শক্তি গড়ে তুলে আন্দোলন-সংগ্রাম জোরদার করার জন্য মতামত ব্যক্ত করেন।

দর্শনায় ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

দর্শনায় ১৫ই আগস্ট শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার রাত আটটায় দর্শনা পৌর আওয়ামী লীগ কার্যালয়ে প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী।

দর্শনা পৌর আওয়ামী লীগের আয়োজনে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

তিনি বলেন বঙ্গবন্ধুর নেতৃত্বে আজ আমরা স্বাধীন জাতি হিসেবে বসবাস করছি। বাঙালি জাতির মুক্তিদাতা জাতির জনক কে ১৫ আগস্ট সপরিবারে হত্যার মধ্য দিয়ে এদেশের কলঙ্কিত সন্তানেরা সৃষ্টি করেছিল এক কালো অধ্যায়ের। আমরা জাতির জনকের সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারাদেশে উন্নয়ন কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছি। এই উন্নয়নকে ধরে রাখতে হলে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই। তাই আবারো নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনা সরকারকে ক্ষমতায় আনতে হবে এজন্যে সকল ভেদাভেদ ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে ঐক্যবদ্ধ ভাবে নৌকা প্রতীকের পক্ষে কাজ করতে হবে। একটি কথা মনে রাখতে হবে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়তে হলে ঐক্কের কোন বিকল্প নেই।

অনুষ্টানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খালি মুনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম , দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি শফিকুল আলম, আ.লীগ নেতা দর্শনা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, ফরজ মল্লিক, আ’লীগ নেতা জয়নাল আবেদীন নফর, সোলায়মান কবির, ফয়সাল

আহম্মেদ, হাজী হায়দার আলী, হাবিবুর রহমান, দাউদ হোসেন, হবি, সাইফুল ইসলাম হুকুম, আশরাফুজ্জামান বেল্টু, খালিদ হোসেন মিঠু।

দামুড়হুদায় জাতীয় শোক দিবসের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে উপজেলার ডাকবাংলোর সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা কমান্ডার রুস্তম আলী, দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু,পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম,জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, নাটুদা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউল করিম, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকু, উপজেলা সেচ্ছাসেবক লীগের যুগ্ম আহব্বায়ক।এছাড়াও আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।